গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া
(ভূমি অধিগ্রহণ শাখা)
(ধারা ৪ এর (১) নং উপ-ধারা দ্রষ্টব্য)
(এল,এ কেস নং- ০২/জাতীয় বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্র /২০২৬)

জারির নম্বর- ২০২(২৭)

তারিখ-ঃ০৭ / ৭ /২৬ইং

প্রাপক ঃ ১। জেলা প্রশাসক,বগুড়া মহোদয়ের নোটিশ বোর্ড।
২। উপজেলা নির্বাহী অফিসার,শিবগঞ্জ,বগুড়া (নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)
৩। সহকারী কমিশনার (ভূমি), শিবগঞ্জ, বগুড়া (নোটিশ বোর্ড/ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)
৪। সহকারী কমিশনার (আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া (ওয়েবসাইটে প্রদর্শনের জন্য)।
৫। চেয়ারম্যান রায়নগর ইউনিয়ন পরিষদ, শিবগঞ্জ, বগুড়া ।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, - রায়নগর ইউনিয়ন ভূমি অফিস, শিবগঞ্জ,বগুড়া।
৭। মহাস্থানগড় মৌজায় প্রকাশ্য স্থানে লটকায়ে নোটিশ জারি।
৮। অফিস কপি।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি " জাতীয় বিশ্ববিদ্যাল বাংলাদেশ এর স্থায়ী আঞ্চালিক কেন্দ্র নির্মাণ প্রকল্প " শীর্ষক প্রকল্পের জন্য জনপ্রয়োজন ও জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন,সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন,২০১৭(২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারার অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে,বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের জন্য প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে,প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৬ / ০৭ /২০২৬ খ্রি. তারিখে বা তারিখ হতে তফসিল বর্ণিত সম্পত্তির যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

## তফসিল সম্পত্তি

মৌজা- মহাস্থানগড় জে,এল নং- ২৪৫ উপজেলা-শিবগঞ্জ জেলা-বগুড়া

| ক্রমিক নং | খতিয়ান | দাগ নং | রেকর্ডীয় শ্রেণি | দাগের মোট জমির পরিমান (একরে) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমান (একরে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ৩১৭ | ১৩৯৯ | ধানী | ০.২৭০০ | ০.২৭০০ | পূর্ন |
| ০২ | ৩১৭ | ১৩৯৮ | ধানী | ০.২৯০০ | ০.২৭৮০ | আংশিক |
| ০৩ | ৪৮৮ | ১৩৯৭ | ধানী | ০.১৩০০ | ০.১২০০ | আংশিক |
| ০৪ | ১০৯২ | ১৩৯৬ | ধানী | ০.১৭০০ | ০.১৪৯৫ | আংশিক |
| ০৫ | ১২১৬ | ১৩৯০ | ধানী | ০.১৪০০ | ০.১৩৩০ | আংশিক |
| ০৬ | ১৬৭৮ | ১৪০০ | ধানী | ০.২০০০ | ০.২০০০ | পূর্ন |
| ০৭ | ২০১ | ১৪০১ | ধানী | ০.১১০০ | ০.১১০০ | পূর্ন |
| ০৮ | ৪৯২ | ১৩৯৪ | ধানী | ০.২৮০০ | ০.২৮০০ | পূর্ন |
| ০৯ | ৪৯২ | ১৩৯১ | ধানী | ০.০৭০০ | ০.০৭০০ | পূর্ন |
| ১০ | ১৪০০ | ১৩৯৩ | ধানী | ০.১১০০ | ০.১১০০ | পূর্ন |
| ১১ | ১৮০৪ | ১৩৬৮ | ধানী | ০.২২০০ | ০.০৩২৫ | আংশিক |
| ১২ | ৩৪৮ | ১৩৮৫ | ধানী | ০.১৬০০ | ০.১৬০০ | পূর্ন |
| ১৩ | ১৬৯৫ | ১৩৮৪ | ধানী | ০.১৫০০ | ০.১৫০০ | পূর্ন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | ৩৪৪ | ১৩৯২ | ধানী | ০.১২০০ | ০.১২০০ | পূর্ন |
| ১৫ | ৯১২ | ১৩৮২ | ধানী | ০.৪৪০০ | ০.০২৩০ | আংশিক |
| ১৬ | ১৬৯৫ | ১৩৮৬ | ধানী | ০.০৯০০ | ০.০৯০০ | পূর্ন |
| ১৭ | ৩৪৮ | ১৩৮৭ | ধানী | ০.১৯০০ | ০.১৯০০ | পূর্ন |
| ১৮ | ৩৪৪ | ১৩৮৮ | ধানী | ০.২২০০ | ০.১৯৫০ | আংশিক |
| ১৯ | ১৬৯৫ | ১৩৮৯ | ধানী | ০.০৭০০ | ০.০৭০০ | পূর্ন |
| ২০ | ১৪২৯ | ১৩৯৫ | ধানী | ০.২৭০০ | ০.২৪৯০ | আংশিক |
| | | মোট প্রস্তাবিত জমির পরিমাণ =৩.০০০০ একর | | | | |

অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/ স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য ঃ

১। উল্লেখিত জমির বাস্তব অবস্থা ,স্থাপনা,অবকাঠামো ইত্যাদি ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নামে রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে,অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণী পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরুপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতাপ্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন,ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.bogura.gov.bd ভিজিট করুন।

০৭/০৯/২৬
মোঃ ফিরোজ আহমেদ
সার্ভেয়ার
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

০৭/০৯/২৬
মোঃ মাসুদ রানা
কানুনগো
ভূমি অধিগ্রহণ শাখা,বগুড়া

জেলা প্রশাসক পক্ষে
০৭/০৯/২৬
মোছাঃ মুনিরা সুলতানা
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
বগুড়া